61

তারিখ ... JUL 10 1998
পৃষ্ঠা কলাম

# বদলে যাচ্ছে মাধ্যমিক স্তরের ৭৭টি বই

## ব্যাপক সংশোধন-পরিমার্জন ছাড়াও থাকবে নতুন বিষয় ও তথ্য

মানস ঘোষ : আগামী ২০০১ শিক্ষাবর্ষে মাধ্যমিক স্তরের পাঠ্য বইগুলো নতুন আকারে বাজারে আসবে। ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ৭৭টি পাঠ্য বইয়ের সবগুলোতেই ব্যাপক সংশোধন-পরিমার্জন ছাড়াও থাকবে নতুন বিষয় ও তথ্য। নকল এড়ানোর জন্য বইগুলোর প্রচ্ছদও নতুন করে করা হবে। ১৯৯৬ সালে মাধ্যমিক স্তরে নতুন কারিকুলাম চালু হওয়ার পর জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবারই প্রথম বইগুলোতে সবচেয়ে বেশি সংশোধনী নিয়ে আসছে।

বইগুলো সংশোধনের জন্য সম্প্রতি এনসিটিবির উদ্যোগে কুমিল্লার বার্ডে বিশেজ্ঞদের নিয়ে দেড় মাসব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। ৬টি পর্যায়ে সমাপ্ত এই কর্মশালায় প্রায় ৫০০ বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন। বিশেষজ্ঞরা মাধ্যমিক স্তরের ৭৭টি বইয়ের বিষয়বস্তু, তথ্য, বানান, ইলাস্ট্রেশনসহ যাবতীয় বিষয়ে আলাদা আলাদা গ্রুপে বিভক্ত হয়ে কাজ করেন। গত ২৯ জুন শেষ হওয়া কর্মশালায় বিশেষজ্ঞদের সুপারিশের ভিত্তিতে এনসিটিবি সবগুলো বই-ই আমূল পাল্টে নতুন আকারে প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে।

এ ব্যাপারে এনসিটিবির চেয়ারম্যান কফিলউদ্দিন আহাম্মদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি গতকাল রোববার ভোরের কাগজকে জানিয়েছেন, 'আগের বইগুলোতে প্রচুর ভুল ছিল। আমি দায়িত্ব নেওয়ার পরই এ বিষয়ে নজর দেই এবং কর্মশালার আয়োজন করি।' তিনি বলেন, 'আমি নিশ্চিত আগামী বছর মানসম্পন্ন বই ছাত্রছাত্রীরা হাতে পাবে।' তিনি জানিয়েছেন, বইগুলোর কারিকুলামে কোনো পরিবর্তন আসবে না। তবে পরিবর্তিত পরিস্থিতিতে কিছু নতুন বিষয় ও তথ্য যোগ হবে।

এদিকে, ভিন্ন একটি সূত্র জানিয়েছেন, নির্বাচন কমিশনের সুপারিশে আগামী বছর মাধ্যমিক স্তরের বইয়ে নির্বাচন প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে নতুন বিষয়বস্তু যোগ হতে পারে। এ ছাড়াও থাকতে পারে সন্ত্রাস, মাদকাসক্তি, নৈতিকতা ইত্যাদি নতুন বিষয়।

পাঠ্যপুস্তক সংশোধন ও পরিমার্জন এনসিটিবির একটি রুটিন কাজ। প্রতি বছরই বইগুলোতে কিছু বানান ও তথ্যগত সংশোধন করা হয়। এতোদিন এই কাজগুলো করতেন এনসিটিবির নিজস্ব বিশেষজ্ঞরা। এ বছরই প্রথমবারের মতো বানান ও তথ্যগত সংশোধন ও পরিমার্জন ছাড়াও কারিকুলামের ভুলভ্রান্তি-সংশোধনের জন্য বাইরের বিশেষজ্ঞদের দিয়ে কর্মশালা আয়োজনের মাধ্যমে পাঠ্যপুস্তকে ব্যাপক পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়।

প্রসঙ্গত, গত বছরও এনসিটিবি চলতি ২০০০ শিক্ষাবর্ষের জন্য ৬০টি বই সংশোধনের উদ্যোগ নিয়েছিল। কিন্তু প্রকাশক ও মুদ্রাকরদের একাংশের চাপে সেই উদ্যোগ শেষ পর্যন্ত পুরোপুরি সফল হয়নি। তখন এনসিটিবি মাত্র ১৫টি বই পরিবর্তন করতে সক্ষম হয়। আগামী বছর এই ১৫টি বইও সংশোধিত হবে।

এনসিটিবি বই সংশোধনের কর্মশালাটি পরিচালনা করে মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি)- অর্থায়নে। ১৯ মে থেকে ২৯ জুন পর্যন্ত অনুষ্ঠিত কর্মশালায় মোট বাজেট ছিল ২৩ লাখ টাকা। বই সংশোধনের কর্মশালায় বিশেষজ্ঞ হিসেবে কাজ করেছেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সরকারি-বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক, শিক্ষাক্রম বিশেষজ্ঞ এবং শিক্ষক প্রশিক্ষক ● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

# আধঘন্টা গুলিবিনিময়ে গডফাদার দুর্ধর্ষ হুমায়ুন



কাগজ প্রতিবেদক : আধঘণ্টা গুলি বিনিময়ের পর পুলিশ রাজধানীর মতিঝিল থানার মালিবাগ এলাকা থেকে গত শনিবার রাতে দুর্ধর্ষ সন্ত্রাসীদের গডফাদার, পুলিশের এএসপির ছেলে বিপু হত্যামামলার চার্জশিটভূক্ত পলাতক আসামি হুমায়ুন কবির ওরফে হুমায়ুনকে (৫০) গ্রেপ্তার করেছে।

চারবছর আগে হুমায়ুনের প্রত্যক্ষ মদদে তার ক্যাডার বাহিনী মানিকগঞ্জের এএসপি আব্দুল ওয়াহেদের একমাত্র কলেজ পড়ুয়া ছেলে ইখতেয়ার ওয়াহেদ বিপুকে(২৩) প্রকাশ্যে কুপিয়ে নৃশংসভাবে হত্যা করে। তার বিরুদ্ধে নরসিংদীতে আরো একটি হত্যামামলা